

# ঐশ্বরিক সাহায্য

ওয়াটসন গুডম্যান কর্ত্তৃক সঙ্কলিত

## ঐশ্বরিক সাহায্য

ঈশ্বরের বাক্য ঐশ্বরিক বাক্য। ইহা বাস্তবিক ধাম্মিকতার নিমিত্ত ক্ষুধিত ও তৃষিত প্রত্যেক অন্তঃকরণের সাহায্যকারী। যখন একজন অনুতপ্ত হয়, পাপ পরিত্যাগ করে এবং প্রভু যীশু খ্রীষ্টকে সমস্ত হৃদয় দিয়া আপন পরিত্রাতারূপে বিশ্বাস করে, তখন প্রভু আপনাকে তাহার নিকট প্রকাশ করেন এবং তাহার অন্তঃকরণে প্রভু আপন আনন্দ ও শান্তি দান করেন। ১৯৩৭ খ্রীষ্টাব্দে আমি এই অভিজ্ঞতা অর্জ্জন করি এবং আজও প্রভুর সহিত আমার এই সুন্দর সহভাগিতার বিচ্ছেদ হয় নাই। যদি প্রভুর নিকট আপনি আজও নিজেকে সমর্পণ না করিয়া থাকেন তবে অনুরোধ, আজই তাহা করুন।

**ওয়াটসন গুডম্যান**



### ঈশ্বরের প্রেম

রোমীয় ৫ : ৮

ঈশ্বর আমাদের প্রতি আপন প্রেম প্রদর্শন করিতেছেন, কারণ আমরা যখন পাপী ছিলাম তখনও খ্রীষ্ট আমাদের জন্য মরিলেন।

যোহন ৩ : ১৬

ঈশ্বর জগতকে এমন প্রেম করিলেন যে, আপনার একমাত্র পুত্রকে দান করিলেন, যেন, যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়।

প্রকাশিত বাক্য ১ : ৫

যীশু খ্রীষ্ট হইতে, যিনি বিশ্বস্ত সাক্ষী, মৃতদের মধ্য হইতে 'প্রথমজাত' এবং 'পৃথিবীর রাজাদের অধিপতি'। যিনি আমাদের প্রেম করেন ও নিজের রক্তে আমাদের পাপ হইতে আমাদের মুক্ত করিয়াছেন।



### যীশু খ্রীষ্টের ঐশ্বরিকত্ব

মথি ১ : ২২, ২৩

এই সমস্ত ঘটিল যেন ভাববাদী দ্বারা প্রভু যে কথা বলিয়াছিলেন তাহা পূর্ণ হয়,—'দেখ এক কন্যা গর্ভবতী হইবেন, পুত্র-সন্তান প্রসব করিবেন, আর লোকে তাঁহার নাম রাখিবে ইম্মানূয়েল, অর্থাৎ 'আমাদের সঙ্গে ঈশ্বর।'

১ম তীমথিয় ৩ : ১৬

আর ভক্তির নিগূঢ়তত্ত্ব মহৎ, ইহা সর্ব্বসম্মত, যিনি দেহ ধারণ করিয়া প্রকাশিত হইলেন, আত্মাতে তিনি ধর্ম্মময় প্রতিপন্ন হইলেন, দূতদের নিকট দেখা দিলেন, জাতি সমূহের মধ্যে প্রচারিত, জগতে বিশ্বাস দ্বারা গৃহীত, ও সপ্রতাপে ঊর্দ্ধে নীত হইলেন।



### যীশু ঈশ্বরের পুত্র

যিশাইয় ৯ : ৬

কারণ একটি বালক আমাদের জন্য জন্মিয়াছেন; একটি পুত্র আমাদিগকে দত্ত হইয়াছে; আর তাঁহারই স্কন্ধের উপরে কর্ত্তৃত্বভার থাকিবে এবং তাঁহার নাম হইবে—'আশ্চর্য্য মন্ত্রী, বিক্রমশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ'।

কলসীয় ২ : ৯

কেননা তাঁহাতেই ( যীশু খ্রীষ্ট ) ঈশ্বরের সমস্ত পূর্ণতা দৈহিকরূপে বাস করে।

১ যোহন ৪ : ১৫

যে কেহ স্বীকার করে যে, যীশু ঈশ্বরের পুত্র, ঈশ্বর তাহার অন্তরে থাকেন, এবং সে ঈশ্বরে অবস্থান করে।

## যীশু আমাদের বলেন তিনি কে

যোহন ১১ : ২৫

যীশু তাঁহাকে বলিলেন, আমিই পুনরুত্থান ও জীবন ; যে আমাতে বিশ্বাস করে, সে মরিলেও জীবিত হইবে।

যোহন ৬ : ৩৫

যীশু তাহাদের বলিলেন, আমি সেই জীবনখাদ্য যে আমার নিকটে আসে, সে কখনও ক্ষুধিত হইবে না, যে আমাতে বিশ্বাস করে সে আর কখনও তৃষ্ণার্ত্ত হইবে না।

যোহন ৮ : ৫৮

যীশু তাহাদের বলিলেন, সত্য, সত্যই আমি তোমাদের বলিতেছি, অব্রাহামের জন্মের পূর্ব্বে হইতেই আমি আছি।

## যীশু কতকগুলি অলৌকিক কার্য্য করেন



মথি ২০ : ৩৪

…যীশু দয়ার্দ্র হইয়া তাহাদের চক্ষু স্পর্শ করিলেন, আর তখনই তাহারা আবার দেখিতে পাইল ও তাঁহার অনুসরণ করিল।

লূক ৫ : ৪-৬

কথা শেষ করিয়া তিনি শিমোনকে বলিলেন, মাছ ধরিবার জন্য গভীর জলে নৌকা লইয়া গিয়া তোমাদের জাল ফেল। শিমোন উত্তরে তাহাকে বলিলেন, প্রভু, আমরা সমস্ত রাত্রি পরিশ্রম করিয়া কিছু পাই নাই ; কিন্তু আপনার কথায় আমি জাল ফেলিব। তাঁহারা তাহা করিলে মাছের এক বৃহৎ ঝাঁক জালে ধরা পড়িল, তাহাতে জাল ছিঁড়িতে লাগিল।



## যীশু খ্রীষ্ট সৃষ্টিকর্ত্তা ও প্রভু

কলসীয় ১ : ১৬

স্বর্গে ও পৃথিবীতে, দৃশ্য কি অদৃশ্য যাহা কিছু আছে, সর্ব্বপ্রকার সিংহাসন, কি প্রভুত্ব, কি আধিপত্য, কি কর্ত্তৃত্ব, সমস্তই ইহার দ্বারাই ও ইহার জন্যই হইয়াছে।

যোহন ১ : ৩

সকলই তাঁহার দ্বারা সৃষ্ট হইয়াছিল এবং কোন কিছুই তাঁহা ছাড়া সৃষ্ট হয় নাই।

প্রেরিত ২ : ৩৬

অতএব সমস্ত ইস্রায়েলকুল নিশ্চয় জানুক যে, যাঁহাকে তোমরা ক্রুশ-বিদ্ধ করিয়াছিলে সেই যীশুকেই ঈশ্বর প্রভু ও খ্রীষ্ট করিয়াছেন।

## যীশু খ্রীষ্টই সকলের বিচারকর্ত্তা



রোমীয় ১৪ : ১০

কিন্তু তুমি কেন তোমার ভ্রাতার বিচার কর? তুমি কেনই বা তোমার ভ্রাতাকে তুচ্ছ কর? আমরা সকলেই ঈশ্বরের বিচারাসনের সম্মুখে দাঁড়াইব।

যোহন ৫ : ২২

পিতা বাস্তবিক কাহারও বিচার করেন না ; সমস্ত বিচারভার তিনি পুত্রকে দিয়াছেন।

প্রেরিত ১০ : ৪২

তিনি আদেশ দিলেন যেন আমরা জনসাধারণের কাছে ঘোষণা করি ও সাক্ষ্য দিই যে ঈশ্বর তাঁহাকেই জীবিতদের ও মৃতদের বিচারকর্ত্তা বলিয়া নিযুক্ত করিয়াছেন।



## খ্রীষ্টের মাধ্যমেই পরিত্রাণ

প্রেরিত ৪ : ১২

আর অন্য কাহারও কাছে পরিত্রাণ নাই, কারণ আকাশের নীচে মনুষ্যদের মধ্যে দত্ত এমন আর কোন নাম নাই, যে নামের গুণে আমাদের পরিত্রাণ পাইতে হইবে।

যোহন ১৪ : ৬

যীশু তাঁহাকে বলিলেন, আমিই পথ, আমি সত্য ও জীবন। আমা দিয়া না আসিলে কেহ পিতার নিকটে আসিতে পারে না।

ইব্রীয় ৭ : ২৫

এইজন্য যাহারা তাঁহাকে অবলম্বন করিয়া ঈশ্বরের নিকটে উপস্থিত হয়, তিনি তাহাদের সম্পূর্ণরূপে পরিত্রাণ করিতে পারেন, কারণ তিনি সর্ব্বদা তাহাদের জন্য আবেদন করিবার উদ্দেশ্যে জীবিত আছেন।

## খ্রীষ্টের মাধ্যমেই পরিত্রাণ



তিনি আমাদের জন্য আপনাকে প্রদান করিলেন, যেন সমস্ত অধর্ম্ম হইতে মূল্য দিয়া আমাদের মুক্ত করেন, এবং আপনার জন্য সৎকর্ম্মে উদ্যোগী নিজস্ব এক প্রজাবৃন্দকে শুচি করেন। - তীত ২ : ১৪

এবং পূর্ণতাপ্রাপ্ত হইয়া তিনি আপনার আজ্ঞানুবর্ত্তী সকলের পক্ষে ‘অনন্ত পরিত্রাণের’ কারণ হইলেন। ইব্রীয় ৫ : ৯

পিতাকে ধন্যবাদ দাও, যিনি দীপ্তির আভাসে পবিত্রলোকদের উত্তরাধিকারের অংশী হইবার যোগ্যতা তোমাদের দিয়াছেন। তিনি আমাদের অন্ধকারের কর্ত্তৃত্ব হইতে উদ্ধার করিয়া তাঁহার প্রিয়তম পুত্রের রাজ্যে আনয়ন করিয়াছেন, তাঁহাতেই আমরা মুক্তি ও পাপের ক্ষমা পাই।
- কলসীয় ১ : ১২-১৪

## ১০ খ্রীষ্টের রক্তই প্রায়শ্চিত্ত সাধনকারী

তাঁহার অনুগ্রহ-ধন অনুসারে আমরা সেই প্রীতি-পাত্রেতেও, তাঁহার রক্তের গুণে, মুক্তি এবং সকল অপরাধের ক্ষমা পাই। - ইফিষীয় ১ : ৭

তিনি যেমন জ্যোতিতে আছেন, আমরাও যদি তেমনই জ্যোতিতে চলি, তবে আমাদের পরস্পর সহভাগিতা আছে, এবং তাঁহার পুত্র যীশুর রক্ত সমস্ত পাপ হইতে আমাদের শুচি করে। -১ যোহন ১ : ৭

যিনি চিরজীবী আত্মার প্রভাবে আপনাকে নিষ্কলঙ্ক বলিরূপে ঈশ্বরের নিকট উৎসর্গ করিয়াছেন, সেই খ্রীষ্টের রক্ত কত অধিক পরিমাণে আমাদের বিবেককে প্রাণহীন আচার-অনুষ্ঠান হইতে এমন শুচি করিবে যাহাতে আমরা জীবিত ঈশ্বরের আরাধনা করিতে পারি। - ইব্রীয় ৯ : ১৪

## খ্রীষ্টেতে বিশ্বাস দ্বারা পরিত্রাণ ১১

ইফিষীয় ২ : ৮, ৯

অনুগ্রহেই তোমরা বিশ্বাস দ্বারা পরিত্রাণ প্রাপ্ত হইয়াছ; ইহা তোমাদের নিজেদের দ্বারা হয় নাই, বরং ঈশ্বরেরই দান; তাহা কর্ম্মের ফল নয়, যেন কেহ গর্ব্ব করিতে না পারে।

১ যোহন ৫ : ৪

কারণ যাহা কিছু ঈশ্বর হইতে জাত, তাহা জগতকে জয় করে; এবং যাহা জগতের উপর জয়ী হইয়াছে, তাহা আমাদের সেই বিজয়ী বিশ্বাস।

যোহন ৬ : ২৮, ২৯

তাহারা তাঁহাকে বলিল, ঈশ্বরের কার্য্যসাধন করিবার জন্য আমরা কি করিব? যীশু উত্তরে তাহাদের বলিলেন, ঈশ্বরের কার্য্য এই, যাঁহাকে ঈশ্বর প্রেরণ করিয়াছেন তোমরা যেন তাঁহাতেই বিশ্বাস কর।

## খ্রীষ্টেতে বিশ্বাস দ্বারা পরিত্রাণ ১১

ইফিষীয় ২ : ৮, ৯

অনুগ্রহেই তোমরা বিশ্বাস দ্বারা পরিত্রাণ প্রাপ্ত হইয়াছ; ইহা তোমাদের নিজেদের দ্বারা হয় নাই, বরং ঈশ্বরেরই দান; তাহা কর্ম্মের ফল নয়, যেন কেহ গর্ব্ব করিতে না পারে।

১ যোহন ৫ : ৪

কারণ যাহা কিছু ঈশ্বর হইতে জাত, তাহা জগতকে জয় করে; এবং যাহা জগতের উপর জয়ী হইয়াছে, তাহা আমাদের সেই বিজয়ী বিশ্বাস।

যোহন ৬ : ২৮, ২৯

তাহারা তাঁহাকে বলিল, ঈশ্বরের কার্য্যসাধন করিবার জন্য আমরা কি করিব? যীশু উত্তরে তাহাদের বলিলেন, ঈশ্বরের কার্য্য এই, যাঁহাকে ঈশ্বর প্রেরণ করিয়াছেন তোমরা যেন তাঁহাতেই বিশ্বাস কর।

## ঈশ্বর আপনার নিকট আমাদের আহ্বান করেন ১৩

মথি ১১ : ২৮

পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোকেরা, তোমরা সকলে আমার নিকটে এস, আমি তোমাদের বিশ্রাম দেব।

প্রকাশিত বাক্য ২২ : ১৭

আত্মা ও বধূ বলিতেছেন, এস। যে শুনে, সেও বলুক, এস। আর যে তৃষিত, সে আসুক; যাহার ইচ্ছা হয়, সে বিনামূল্যে জীবন জল পান করুক।

যিশাইয় ১ : ১৮

সদাপ্রভু কহিতেছেন, আইস, আমরা উত্তর প্রত্যুত্তর করি; তোমাদের পাপ সকল সিন্দুরবর্ণ হইলেও হিমের ন্যায় শুক্লবর্ণ হইবে; লাক্ষার ন্যায় রাঙ্গা হইলেও মেষলোমের ন্যায় হইবে।

## ১৪ সকল ব্যক্তিই ঈশ্বরের সন্তান নয়

কাহারা ঈশ্বরের সন্তান ও কাহারা দিয়াবলের সন্তান তাহা ইহাতেই প্রকাশ পায়; যে ধর্ম্মাচরণ করে না এবং যে আপন ভ্রাতাকে ভালবাসে না সে ঈশ্বরের লোক নয়। – ১ যোহন ৩ : ১০

কারণ যতলোক ঈশ্বরের আত্মা দ্বারা চালিত হয়, তাহারাই ঈশ্বরের পুত্র। তোমরা দাসত্বের আত্মা পাও নাই যে, আবার ভয় করিবে; কিন্তু দত্তকপুত্রের আত্মা পাইয়াছ, যাহা দ্বারা আমরা আব্বা, পিতা, বলিয়া ডাকি। – রোমীয় ৮ : ১৪, ১৫

কিন্তু যত জন তাঁহার নামে বিশ্বাস করিয়া তাঁহাকে গ্রহণ করিল, তিনি তাহাদের ঈশ্বরের সন্তান হইবার অধিকার দান করিলেন। – যোহন ১ · ১২

## মদ্যপান সম্বন্ধে ঈশ্বর কি বলেন ১৫

ধিক্ তাহাদিগকে, যাহারা খুব সকালে উঠে, যেন সুরার অনুধাবন করিতে পারে; যাহারা অনেক রাত্রি বসিয়া থাকে, যাবৎ না দ্রাক্ষারস তাহাদিগকে উত্তপ্ত করে! — যিশাইয় ৫ : ১১

দেহের কার্য্যসকল সুস্পষ্ট; সেগুলি এই, ব্যভিচার, লাম্পট্য, অশুচিতা, ভ্রষ্টাচার, প্রতিমাপূজা, যাদুবিদ্যা, শত্রুতা, বিবাদ, ঈর্ষা, ক্রোধ, স্বার্থান্বেষণ, বিচ্ছিন্নতা, দলভেদ, হিংসা, নরহত্যা, মত্ততা, ভোজনবিলাস এবং এইপ্রকার অন্যান্য বিষয়; আমি যেমন ইতিপূর্ব্বে সতর্ক করিয়াছিলাম, এখনও পূর্ব্বেই সতর্ক করি, যাহারা এই প্রকার আচরণ করে তাহারা ঈশ্বরের রাজ্যের অধিকারী হইবে না। — গালাতীয় ৫ : ১৯-২১

১৬

## সরলতা বা সাধুতাই যথেষ্ট নয়

মার্ক ১০ : ১৭-২২

যখন তিনি পথে বাহির লইলেন, একজন দৌড়িয়া আসিল এবং তাঁহার সম্মুখে নতজানু হইয়া জিজ্ঞাসা করিল, সদ্‌গুরু, অনন্ত জীবনের অধিকারী হইবার জন্য আমি কি করিব? যীশু তাহাকে বলিলেন, আমাকে সৎ বলিতেছ কেন? একজন ব্যতীত সৎ আর কেহই নাই; তিনি ঈশ্বর। তুমি আজ্ঞাগুলি জান, নর-হত্যা করিও না, ব্যভিচার করিও না, মিথ্যা সাক্ষ্য দিও না, কাহাকেও প্রবঞ্চনা করিও না, পিতা-মাতাকে সম্মান কর।' সে উত্তরে বলিল, গুরু, আমার বাল্যকাল হইতেই এই সমস্ত পালন করিয়া আসিতেছি। যীশু তাহার প্রতি দৃষ্টিপাত করিয়া তাহাকে ভালবাসিলেন এবং তাহাকে বলিলেন, একটি বিষয়ে তোমার অভাব আছে; যাও তোমার যাহা কিছু আছে সমস্তই বিক্রয় করিয়া দরিদ্রদের দান কর, তাহা হইলে তুমি স্বর্গে ধন পাইবে; আর এস আমার অনুসরণ কর। এই কথায় তাহার মুখ বিষণ্ণ হইল এবং সে দুঃখিত হইয়া চলিয়া গেল, কারণ তাহার প্রচুর ধনসম্পত্তি ছিল।

১৭

## প্রবঞ্চিত হইও না

তোমরা কি জান না, অধার্ম্মিকেরা ঈশ্বরের রাজ্যে অধিকার পাইবে না? ভ্রান্ত হইও না; যাহারা লম্পট কি প্রতিমাপূজক কি ব্যভিচারী কি স্ত্রীবৎ-আচারী কি পুঙ্গামী, কি চোর, কি লোভী কি মাতাল কি অপবাদকারী কি অপহারক, তাহারা ঈশ্বরের রাজ্যে অধিকার পাইবে না। —১ করিন্থিয় ৬ : ৯, ১০

অনর্থক বাক্য দ্বারা কেহ যেন তোমাদের প্রতারিত না করে, কারণ এই সকল দোষপ্রযুক্ত সেই অবাধ্য সন্তানদের উপরে ঈশ্বরের ক্রোধ উপস্থিত হয়। — ইফিষীয় ৫ : ৬

১৮

## পাপ মৃত্যুর জন্ম দেয়

রোমীয় ৫ : ১২

স্বতরাং যেমন একটি মানুষের দ্বারা পাপ, ও পাপের দ্বারা মৃত্যু জগতে প্রবেশ করিল, আর এইভাবে সমগ্র মানবজাতির মধ্যে মৃত্যু বিস্তৃত হইল; কারণ সকলেই পাপ করিয়াছে।

যাকোব ১ : ১৫

অভিলাষ গর্ভবতী হইয়া পাপ প্রসব করে, এবং সেই পাপ পরিপক্ক হইয়া মৃত্যু উৎপন্ন করে।

লূক ১৫ : ৩২

আমাদের আনন্দিত হইয়া আমোদ-প্রমোদ করা উচিত হইয়াছে, কারণ তোমার এই ভাই মরিয়া গিয়াছিল, আবার বাঁচিয়া উঠিয়াছে; সে হারাইয়া গিয়াছিল আবার তাহাকে পাওয়া গিয়াছে।

১৯

## খ্রীষ্ট মৃত্যুকে জয় করিয়াছেন

তিনি নিকটে গিয়া খাট স্পর্শ করিলেন; বাহকেরা তখনই দাঁড়াইল। তিনি বলিলেন, যুবক, আমি বলিতেছি উঠ। তাহাতে সেই মৃত যুবক উঠিয়া বসিল ও কথা বলিতে লাগিল। — লূক ৭ : ১৪, ১৫

আমি চিরজীবন্ত; আমার মৃত্যু হইয়াছিল, আর দেখ, এখন আমি যুগপর্য্যায়ের যুগে যুগে জীবিত; আমার হস্তে মৃত্যু ও পাতালের চাবি আছে। —প্রকাশিত বাক্য ১ : ১৮

একথা বলিবার পর তিনি উচ্চকণ্ঠে ডাকিয়া বলিলেন, লাসার, বাহিরে এস। আর মৃত ব্যক্তি বাহিরে আসিলেন; তাঁহার হাত পা কাপড়ের ফালিতে বাঁধা ও তাঁহার মুখ রুমালে জড়ান ছিল। যীশু লোকদের বলিলেন, ইহার বন্ধন খুলিয়া ইহাকে যাইতে দাও। —যোহন ১১ : ৪৩, ৪৪

২০

## ঈশ্বরের আজ্ঞাসকল

দ্বিতীয় বিবরণ ৫ : ৭-২১

আমার সাক্ষাতে তোমার অন্য দেবতা না থাকুক। তুমি আপনার নিমিত্তে ক্ষোদিত প্রতিমা নির্ম্মাণ করিও না। উপরিস্থ স্বর্গে, নীচস্থ পৃথিবীতে ও পৃথিবীর নীচস্থ জলে, যাহা যাহা আছে, তাহাদের কোন মূর্ত্তি নির্ম্মাণ করিও না; তুমি তাহাদের কাছে প্রণিপাত করিও না, এবং তাহাদের সেবা করিও না; কেননা তোমার ঈশ্বর সদাপ্রভু আমি স্বগৌরব রক্ষণে উদ্যোগী ঈশ্বর; আমি পিতৃগণের অপরাধের প্রতিফল সন্তানদিগের উপরে বর্ত্তাই; কিন্তু যাহারা আমাকে প্রেম করে, ও আমার আজ্ঞাসকল পালন করে, আমি তাহাদের সহস্র পুরুষ পর্য্যন্ত দয়া করি।

তোমার ঈশ্বর সদাপ্রভুর নাম অনর্থক লইও না, কেননা যে কেহ

২১

তাঁহার নাম অনর্থক লয়, সদাপ্রভু তাহাকে নির্দ্দোষ করিবেন না।

তোমার ঈশ্বর সদাপ্রভুর আজ্ঞা অনুসারে বিশ্রামদিন পালন করিয়া পবিত্র করিও। ছয়দিন শ্রম করিও, আপনার সমস্ত কার্য্য করিও; কিন্তু সপ্তম দিন তোমার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশে বিশ্রামদিন।

তোমার ঈশ্বর সদাপ্রভুর আজ্ঞানুসারে তোমার পিতাকে ও তোমার মাতাকে সমাদর করিও···

নরহত্যা করিও না। ব্যভিচার করিও না। চুরি করিও না।

তুমি তোমার প্রতিবাসীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না।

তোমার প্রতিবাসীর স্ত্রীতে লোভ করিও না; প্রতিবাসীর গৃহে কি ক্ষেত্রে, কিম্বা তাহার দাসে কি দাসীতে, কিম্বা তাহার গোরুতে কি গর্দ্দভে, প্রতিবাসীর কোন বস্তুতেই লোভ করিও না।

২২ **ঈশ্বরের নিকট লুকান যায় না**

হিতোপদেশ ১৫ : ৩

সদাপ্রভুর চক্ষু সর্ব্বস্থানেই আছে, তাহা অধম ও উত্তমদের প্রতি দৃষ্টি রাখে।

ইয়োব ৩৪ : ২১, ২২

কেননা মানুষের পথে তাঁহার দৃষ্টি আছে ; তিনি তাহার সমস্ত পাদ-সঞ্চার দেখেন ; এমন অন্ধকার কি মৃত্যুচ্ছায়া নাই, যেখানে অধর্ম্মাচারিগণ লুকাইতে পারে।

লূক ৮ : ১৭

কারণ এমন গুপ্ত কিছুই নাই, যাহা প্রকাশিত হইবে না, এবং এমন লুক্কায়িত কিছুই নাই যাহা জানা যাইবে না ও প্রকাশ পাইবে না।

**অধার্ম্মিকদিগের চিরন্তন শাস্তি** ২৩

গীতসংহিতা ৯ : ১৭

দুষ্টেরা পাতালে ফিরিয়া যাইবে, যে জাতিরা ঈশ্বরকে ভুলিয়া যায়, তাহারাও যাইবে।

মথি ১৩ : ৪১, ৪২

মনুষ্যপুত্র আপনি দূতদের পাঠাইয়া দিবেন ; তাঁহারা তাঁহার রাজ্যের মধ্য হইতে বিঘ্নজনক বিষয়সকল ও সমস্ত অধর্ম্মাচারীকে সংগ্রহ করিয়া তাহাদের সেই অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিবেন। সেই স্থানে রোদন ও দন্তঘর্ষণ হইবে।

মথি ২৫ : ৪৬

পরে 'ইহারা অনন্ত শাস্তির' উদ্দেশে, কিন্তু ধার্ম্মিকেরা 'অনন্ত জীবনের' উদ্দেশে চলিয়া যাইবে।

২৪ **সম্মুখে বিচার**

১ম যোহন ৪ : ১৭

বিচার-দিনে যেন আমরা সাহস পাই এইজন্য প্রেম আমাদের মধ্যে পূর্ণতাপ্রাপ্ত হইয়াছে, কারণ তিনি যেমন আছেন, আমরাও এই জগতে তেমনই আছি।

রোমীয় ১৪ : ১২

সুতরাং আমাদের প্রত্যেকজন ঈশ্বরের নিকট আপনার বিষয়ে হিসাব দিবে।

প্রেরিত ১৭ : ৩১

কারণ তিনি একটি দিন স্থির করিয়াছেন, যে দিনে আপনার নিরূপিত ব্যক্তির দ্বারা 'ন্যায়পরতায় পৃথিবীস্থ সকলের বিচার করিবেন', এবং তাঁহাকে মৃতদের মধ্যে হইতে উত্থাপিত করিয়া সকলের বিশ্বাসযোগ্য প্রমাণ দিয়াছেন।

**যীশু খ্রীষ্টের অনুগ্রহ** ২৫

১ম পিতর ৫ : ৫ ( শেষাংশ )

..... 'ঈশ্বর অহঙ্কারীদের প্রতিরোধ করেন ; কিন্তু নম্রদের অনুগ্রহ দান করেন'।

২য় করিঃ ৮ : ৯

কারণ তোমরা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ জান ; তিনি ধনবান হইলেও তোমাদের জন্য দরিদ্র হইলেন, যেন তোমরা তাঁহার দারিদ্র্যে ধনবান হও।

রোমীয় ৯ : ১৬

সুতরাং যে ইচ্ছা করে কিংবা উদ্যমী হয়, ইহা তাহার হস্তে নয়, কিন্তু ঈশ্বরের হস্তে যিনি দয়া করিয়া থাকেন।

২৬ **অনুতাপ**

প্রেরিত ৩ : ১৯

এইজন্য তোমরা মন পরিবর্ত্তন কর ও প্রত্যাবৃত্ত হও, যেন তোমাদের পাপের মার্জ্জনা হয় ; তাহাতেই যেন প্রভুর নিকট হইতে অনুপ্রেরণার সুযোগ উপস্থিত হয়।

লূক ১৩ : ৩

আমি তোমাদের বলি, না, তাহা নয় ; কিন্তু মন পরিবর্ত্তন না করিলে তোমরা সকলে সেইরূপে বিনষ্ট হইবে।

২য় করিঃ ৭ : ১০

ঈশ্বর-অভিপ্রেত যে দুঃখ তাহা এমন অনুতাপ সাধন করে যাহার ফলে পরিত্রাণ হয় ; এবং তাহাতে অনুশোচনার প্রয়োজন থাকে না ; কিন্তু জগৎ যে দুঃখ দেয় তাহা মৃত্যু সাধন করে।

**পাপের ক্ষমা** ২৭

দুষ্ট আপন পথ, অধার্ম্মিক আপন সঙ্কল্প ত্যাগ করুক ; এবং সে সদাপ্রভুর প্রতি ফিরিয়া আইসুক, তাহাতে তিনি তাহার প্রতি করুণা করিবেন ; আমাদের ঈশ্বরের প্রতি ফিরিয়া আইসুক, কেননা তিনি প্রচুররূপে ক্ষমা করিবেন। — যিশাইয় ৫৫ : ৭

দেখ, আমি দ্বারে দাঁড়াইয়া আছি ও করাঘাত করিতেছি ; কেহ যদি আমার স্বর শুনিয়া দ্বার খুলিয়া দেয়, তবে আমি ভিতরে তাহার নিকটে গিয়া তাহার সহিত পানাহার করিব এবং সেও আমার সহিত পানাহার করিবে। — প্রকাশিত বাক্য ৩ : ২০

কারণ তোমরা যদি লোকদের অপরাধ ক্ষমা কর, তবে তোমাদের স্বর্গস্থ পিতা তোমাদের ক্ষমা করিবেন। — মথি ৬ : ১৪

২৮ **জাগতিকতা হইতে পৃথকীকরণ**

ঊর্দ্ধস্থ বিষয়ে মনোযোগী হও, পৃথিবীস্থ বিষয়ে নয়।
—কলসীয় ৩ : ২

অন্ধকারের ফলহীন কর্ম্মসকলের সহভাগী হইও না, বরং সেই সমস্ত কর্ম্মের দোষ ব্যক্ত কর। —ইফিষীয় ৫ : ১১

তোমরা জগত এবং জগতে অবস্থিত কোন কিছুই প্রেম করিও না। জগতকে যে প্রেম করে, পিতার প্রেম তাহার অন্তরে থাকে না। কারণ জগতে যাহা কিছু আছে—দৈহিক অভিলাষ, চক্ষুর অভিলাষ ও সংসার-সংক্রান্ত অলীক গর্ব্ব—এই সমস্ত পিতা হইতে নয় কিন্তু জগত হইতেই উৎপন্ন হইয়াছে। —১ম যোহন ২ : ১৫, ১৬

**নূতন জন্ম** ২৯

যীশু উত্তরে তাঁহাকে বলিলেন, সত্য, সত্যই আমি তোমাকে বলিতেছি, পুনরায় জন্মগ্রহণ না করিলে কেহই ঈশ্বরের রাজ্য দেখিতে পায় না। — যোহন ৩ : ৩

কারণ তোমরা নশ্বর বীজ হইতে নয়, কিন্তু অবনিশ্বর বীজ হইতে, ঈশ্বরের প্রাণবন্ত ও চিরস্থায়ী বাক্য দ্বারা তোমরা পুনর্জাত হইয়াছ।
—১ম পিতর ১ : ২৩

আমরা জানি, যে কেহ ঈশ্বর হইতে জাত হইয়াছে, সে পাপ করে না, কিন্তু যিনি ঈশ্বর হইতে জাত তিনিই তাহাকে রক্ষা করেন এবং সেই মন্দ-আত্মা তাহাকে স্পর্শ করে না। —১ম যোহন ৫ : ১৮

৩০ **পাপ সম্বন্ধে মৃত—খ্রীষ্টেতে উত্থাপিত**

গালাতীয় ৫ : ২৪

যাহারা খ্রীষ্টের, তাহারা দেহকে, তাহার কামনা ও অভিলাষসহ, ক্রুশে বিদ্ধ করিয়াছ।

রোমীয় ৬ : ২ এবং ১১

পাপ সম্বন্ধে মৃত যে আমরা, আমরা কেমন করিয়া এখনও পাপে জীবনযাপন করিব ?…তোমরাও সেইভাবে আপনাদের পাপ সম্বন্ধে মৃত, কিন্তু খ্রীষ্ট যীশুতে ঈশ্বরের উদ্দেশ্যে জীবিত বলিয়া বিবেচনা কর।

কলসীয় ৩ : ১

তোমরা যখন খ্রীষ্টের সহিত উত্থাপিত হইয়াছ, তখন সেই ঊর্দ্ধ স্থানের বিষয়ে সচেষ্ট হও যেখানে খ্রীষ্ট 'ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে উপবিষ্ট'।

**অনন্ত জীবন** ৩১

রোমীয় ৬ : ২৩

কারণ পাপের প্রতিফল মৃত্যু, কিন্তু ঈশ্বরের অনুগ্রহ দান আমাদের প্রভু খ্রীষ্টে অনন্তজীবন।

যোহন ৫ : ২৪

সত্য, সত্যই আমি তোমাদের বলিতেছি, যে আমার বাক্য শুনে এবং যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাতে বিশ্বাস করে সে অনন্তজীবন পাইয়াছে, তাহার আর বিচার হয় না, কিন্তু সে মৃত্যু হইতে জীবন উত্তীর্ণ হইয়াছে।

যোহন ১৭ : ৩

ইহাই অনন্তজীবন যে, তাহারা তোমাকে, একমাত্র সত্যময় ঈশ্বরকে, এবং তুমি যাঁহাকে পাঠাইয়াছ তাঁহাকে, যীশু খ্রীষ্টকে, জানিতে পারে।

৩২ **পরিত্রাণের নিশ্চয়তা**

বৎসগণ, এস, আমরা কেবল কথায় ও জিহ্বাতে নয়, কিন্তু কার্য্যে ও সত্যে প্রেম করি। তাহাতে আমরা জানিব যে আমরা সত্যের লোক এবং আমরা তাঁহার সাক্ষাতে আপনাদের অন্তঃকরণকে প্রবোধ দিতে পারিব। —১ যোহন ৩ : ১৮, ১৯

যে আমার সমস্ত আদেশ পাইয়া পালন করে, সেই আমাকে প্রেম করে; আর যে আমাকে প্রেম করে সে আমার পিতার প্রীতিভাজন হইবে, আর আমি তাহাকে প্রেম করিব ও তাহার নিকট আত্মপ্রকাশ করিব। — যোহন ১৪ :২১

আর শান্তিই ধার্ম্মিকতার কার্য্য হইবে এবং চিরকালের জন্য সুস্থিরতা ও নিঃশঙ্কতা ধার্ম্মিকতার ফল হইবে। —যিশাইয় ৩২ : ১৭

**খ্রীষ্টই অন্তরে আনন্দ দান করেন** ৩৩

এই সকল কথা তোমাদের বলিলাম যেন আমার আনন্দ তোমাদের অন্তরে থাকে এবং তোমাদের আনন্দ যেন পূর্ণ হয়। যোহন ১৫ : ১১

তুমি আমাকে জীবনের পথ জ্ঞাত করিবে, তোমার সম্মুখে তৃপ্তিকর আনন্দ, তোমার দক্ষিণ হস্তে নিত্য সুখভোগ। গীতসংহিতা ১৬ : ১১

আমি খ্রীষ্টের সঙ্গে ক্রুশবিদ্ধ হইয়াছি, আমি আর জীবিত নই, খ্রীষ্টই আমাতে জীবনধারণ করেন; এখন দেহে আমার যে জীবন, আমি ঈশ্বরের পুত্রে বিশ্বাস দ্বারা সেই জীবন যাপন করি; তিনিই আমাকে প্রেম করিলেন এবং আমার জন্য আপনাকে প্রদান করিলেন।
গালাতীয় ২ : ২০

৩৪

## প্রভুর বাধ্য হওয়া আবশ্যক

তোমরা কি জান না যে, আদেশ পালনের জন্য যাহার নিকট দাসরূপে আপনাদের সমর্পণ কর, যাহার আদেশ পালন কর, তোমরা তাহারই দাস ; হয় মৃত্যুজনক পাপের দাস, নয় ধার্ম্মিকতাজনক আদেশ-পালনের দাস ? — রোমীয় ৬ : ১৬

ক্লিষ্ট যে তোমরা, তোমাদের তিনি আমাদের সহিত বিশ্রাম দান করিবেন ; তখনই করিবেন, যখন প্রভু যীশু স্বর্গ হইতে আপনার পরাক্রান্ত দূতদের সহিত 'প্রচণ্ড অগ্নিশিখাতে' প্রকাশিত হইবেন এবং যাহারা ঈশ্বরকে জানে না ও যাহারা আমাদের প্রভু যীশুর সুসমাচারের বাধ্য হয় নাই, তাহাদের তিনি উপযুক্ত শাস্তি দিবেন। তাহারা প্রভুর সম্মুখ হইতে ও তাঁহার শক্তির প্রতাপ হইতে বহিষ্কৃত হইয়া অনন্তকালীন বিনাশরূপ দণ্ড ভোগ করিবে। —২ থিষলনীকীয় ১ : ৭-৯

## মুক্তিদাতা খ্রীষ্টের স্বীকৃতি প্রয়োজনীয়

৩৫

মথি ১০ : ৩২, ৩৩

মানুষের সাক্ষাতে যে কেহ আমাকে স্বীকার করিবে আমিও আমার স্বর্গস্থ পিতার সাক্ষাতে তাহাকে স্বীকার করিব। কিন্তু মানুষের সাক্ষাতে যে কেহ আমাকে অস্বীকার করিবে আমিও আমার স্বর্গস্থ পিতার সাক্ষাতে তাহাকে অস্বীকার করিব।

রোমীয় ১০ : ৯, ১০

কারণ তুমি যদি মুখে যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং হৃদয়ে বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতদের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে। কারণ হৃদয়ে বিশ্বাস করিলে ধার্ম্মিকতার লাভ হয়, এবং মুখে স্বীকার করিলে পরিত্রাণ পাওয়া যায়।

৩৬

## শয়তান আমাদের প্রধান শত্রু

১ পিতর ৫ : ৮

মিতাচারী হও, জাগ্রত থাক, কারণ তোমাদের বিপক্ষ দিয়াবল গর্জ্জনকারী সিংহের ন্যায়, কাহাকে গ্রাস করিবে, তাহার অন্বেষণ করিয়া বেড়াইতেছে।

মথি ৪ : ১ এবং ১০, ১১

তখন তিনি আত্মার দ্বারা প্রান্তরে পরিচালিত হইলেন যেন দিয়াবলের দ্বারা তাঁহার পরীক্ষা করা হয়।···তখন যীশু তাহাকে বলিলেন, দূর হও, শয়তান, কারণ লেখা আছে, 'তোমার ঈশ্বর প্রভুকেই প্রণিপাত করিবে, কেবল তাঁহারই আরাধনা করিবে।' পরে দিয়াবল তাঁহার নিকট হইতে চলিয়া গেল। আর দেখ, দূতেরা আসিয়া তাঁহার সেবা করিলেন।

## শয়তানের উপর জয়লাভ

৩৭

২ থিষলনীকীয় ২ : ৮

তখন সেই অধর্ম্মী প্রকাশিত হইবে, এবং প্রভু আপন মুখের নিশ্বাস দ্বারা তাহাকে সংহার করিবেন ও আপন আগমনের প্রতাপে তাহাকে বিনষ্ট করিবেন।

১ যোহন ৩ : ৮

যে পাপ করে, সে দিয়াবলের লোক ; কারণ দিয়াবল আদি হইতেই পাপ করিয়া আসিতেছে, দিয়াবলের কার্য্য ধ্বংস করিবার জন্যই ঈশ্বরের পুত্র প্রকাশিত হইলেন।

যাকোব ৪ : ৭, ৮

সুতরাং তোমরা ঈশ্বরের বশবর্ত্তী হও। দিয়াবলের প্রতিরোধ কর, তাহাতে সে তোমাদের নিকট হইতে পলায়ন করিবে। ঈশ্বরের নিকটে উপস্থিত হও ; তাহাতে তিনিও তোমাদের নিকট আসিবেন।

৩৮

## শিষ্যত্বের পরীক্ষাই প্রেম

১ যোহন ৪ : ২০

যদি কেহ বলে, আমি ঈশ্বরকে প্রেম করি, অথচ আপন ভ্রাতাকে ঘৃণা করে, সে মিথ্যাবাদী, কারণ যাহাকে দেখিয়াছে, আপনার সেই ভ্রাতাকে যে প্রেম করে না, সে ঈশ্বরকে, যাঁহাকে দেখে নাই, তাঁহাকে প্রেম করিতে পারে না।

যোহন ১৩ : ৩৫

তোমাদের নিজেদের মধ্যে যদি প্রেম থাকে, তবে সকলেই জানিবে যে তোমরা আমার শিষ্য।

গালাতীয় ৫ : ২২, ২৩

কিন্তু আত্মার ফল প্রেম, আনন্দ, শান্তি, দীর্ঘসহিষ্ণুতা, সদয়ভাব, সদ্ব্যবহার, বিশ্বস্ততা, মৃদুতা, আত্ম-সংযম।

## যীশু খ্রীষ্টের পুনরুত্থান

৩৯

রোমীয় ৪ : ২৫

সেই যীশু আমাদের অপরাধের জন্য সমর্পিত হইলেন ; এবং উত্থাপিত হইলেন, যেন আমরা ধার্ম্মিক বলিয়া গণ্য হই।

যোহন ২০ : ২৬-২৮

আট দিন পরে তাঁহার শিষ্যরা পুনরায় গৃহে ছিলেন, এবং থোমাও তাঁহাদের সঙ্গে ছিলেন। সমস্ত দরজা বন্ধ ছিল, এমন সময় যীশু আসিয়া মধ্যস্থলে দাঁড়াইলেন ও বলিলেন, তোমাদের শান্তি হউক। পরে তিনি থোমাকে বলিলেন, এদিকে তোমার অঙ্গুলি দাও, আমার হাত দুখানি দেখ, আর তোমার হাত বাড়াইয়া আমার পার্শ্বদেশে রাখ, অবিশ্বাসী হইও না, বিশ্বাসী হও। থোমা উত্তরে তাঁহাকে বলিলেন, প্রভু আমার, ঈশ্বর আমার।

## ৪০ পুনরুত্থানই আমাদের গৌরবপূর্ণ প্রত্যাশা

সত্য সত্যই আমি তোমাদের বলিতেছি, এমন সময় আসিতেছে বরং এখনই উপস্থিত, যখন মৃতেরা ঈশ্বরের পুত্রের স্বর শুনিবে ; আর যাহারা শুনিবে, তাহারা জীবিত হইবে। — যোহন ৫ : ২৫

তোমরা কি জান না যে, আমরা যতজন খ্রীষ্টের উদ্দেশ্যে বাপ্তিস্ম গ্রহণ করিয়াছি, সকলে তাঁহার মৃত্যুর উদ্দেশ্যে বাপ্তিস্ম গ্রহণ করিয়াছি ? তবে তাঁহার মৃত্যুর উদ্দেশে বাপ্তিস্ম গ্রহণ করাতে আমরা তাঁহার সহিত সমাধিপ্রাপ্ত হইলাম, যেন খ্রীষ্ট যেমন পিতার মহিমা দ্বারা মৃতদের মধ্য হইতে উত্থাপিত হইলেন ; আমরাও তেমনই জীবনের নূতনতায় চলি। কারণ যদি আমরা তাঁহার অনুরূপ মৃত্যুতে তাঁহার সহিত একীভূত হইয়া থাকি, তাহা হইলে নিশ্চয় তাঁহার অনুরূপ পুনরুত্থানেও একীভূত হইব।
— রোমীয় ৬ : ৩-৫

## প্রভুর নিকট পবিত্রতা ৪১

আমি মন পরিবর্ত্তনের জন্য জলে তোমাদের বাপ্তিস্ম দিতেছি। কিন্তু যিনি আমার পরে আসিতেছেন তিনি আমার অপেক্ষা শক্তিমান ; তাহার পাদুকা বহিবার যোগ্যতাও আমার নাই। তিনি পবিত্র আত্মায় ও অগ্নিতে তোমাদের বাপ্তিস্ম দিবেন। — মথি ৩ : ১১

এই কারণ যীশুও, নিজ রক্ত দ্বারা প্রজাবৃন্দকে পবিত্র করিবার নিমিত্ত, পুরদ্বারের বাহিরে মৃত্যুভোগ করিলেন। — ইব্রীয় ১৩ : ১২

কিন্তু যিনি তোমাদের আহ্বান করিয়াছেন তিনি যেমন পবিত্র, তোমরাও তোমাদের সমস্ত আচার ব্যবহারে পবিত্র হও।
—১ পিতর ১ : ১৫

## ৪২ পবিত্র আত্মাতে পরিপূর্ণ ব্যক্তিগণ

রোমীয় ৮ : ৯

তোমাদের অন্তরে যখন ঈশ্বরের আত্মা অধিষ্ঠান করেন, তোমরা দেহের অধীন নও, কিন্তু আত্মার অধীনে আছ। খ্রীষ্টের আত্মা যাহার নাই, সে খ্রীষ্টের নয়।

প্রেরিত ১ : ৮ ( প্রথমাংশ )

কিন্তু পবিত্র-আত্মা তোমাদের উপরে অবতরণ করিলে তোমরা শক্তি পাইবে, তোমরা আমার পক্ষে সাক্ষী হইবে।

প্রেরিত ৪ : ৩১

তাঁহারা মিনতি করিলে, যেস্থানে তাঁহারা সমবেত ছিলেন সেই স্থান কাঁপিয়া উঠিল ; এবং তাঁহারা সকলেই পবিত্র আত্মায় পূর্ণ হইলেন ও সাহসের সহিত ঈশ্বরের বাক্য প্রচার করিতে লাগিলেন।

## খ্রীষ্টীয়ানের নিমিত্ত অপূর্ব্ব প্রতিজ্ঞাসকল ৪৩

যিশাইয় ৬৬ : ২

এ সকলই ত আমার হস্তদ্বারা নির্ম্মিত ; তাই এই সকল উৎপন্ন হইল, ইহা সদাপ্রভু কহেন। কিন্তু এই ব্যক্তির প্রতি, অর্থাৎ যে দুঃখী, ভগ্নাত্মা ও আমার বাক্যে কম্পমান, তাহার প্রতি আমি দৃষ্টিপাত করিব।

১ পিতর ৪ : ১২, ১৩

প্রীতিভাজনেরা, তোমাদের পরীক্ষার জন্য যে অগ্নি-পরীক্ষা তোমাদের হইতেছে, তাহা অস্বাভাবিক ঘটনা বলিয়া বিস্মিত হইও না ; কিন্তু যে পরিমাণে তোমরা খ্রীষ্টের দুঃখভোগের অংশী, সেই পরিমাণে আনন্দ কর, যেন তাঁহার মহিমা প্রকাশকালে উল্লাসের সহিত আনন্দ করিতে পার।

## ৪৪ পরীক্ষিতদের নিমিত্ত প্রতিজ্ঞা

গীতসংহিতা ৩৪ : ১৯

ধার্ম্মিকের বিপদ অনেক, কিন্তু সেই সকল হইতে সদাপ্রভু তাহাকে উদ্ধার করেন।

রোমীয় ১৬ : ২০

শান্তির ঈশ্বর শীঘ্রই শয়তানকে তোমাদের পদতলে দলিত করিবেন।

১ করিন্থীয় ১০ : ১৩

মানুষের জীবনে যাহা সাধারণ, তাহা ছাড়া আর কোন পরীক্ষা তোমাদের প্রতি ঘটে নাই, কিন্তু ঈশ্বর বিশ্বস্ত, তিনি তোমাদের শক্তির অতীত পরীক্ষা তোমাদের প্রতি ঘটিতে দিবেন না, বরং পরীক্ষার সঙ্গে সঙ্গে নিস্তারের পথও করিয়া দিবেন, যেন তোমরা সহ্য করিতে পার।

## বিজয়ীদের নিমিত্ত প্রতিজ্ঞা ৪৫

আমি যেমন নিজে বিজয়ী হইয়াছি এবং আমার পিতার সহিত তাঁহার সিংহাসনে বসিয়াছি, তেমনি যে বিজয়ী হয়, তাঁহাকে আমি আমার সহিত সিংহাসনে বসিতে দিব। — প্রকাশিত বাক্য ৩ : ২১

যে বিজয়ী হয়, সে এই সমস্তের অধিকারী হইবে ; এবং আমি তাহার ঈশ্বর হইব ও সে আমার পুত্র হইবে। — প্রকাশিত বাক্য ২১ : ৭

যে বিজয়ী হয় সে শুভ্রবস্ত্র পরিহিত হইবে ; আমি তাহার নাম জীবন-পুস্তক হইতে কিছুতেই মুছিয়া ফেলিব না ; কিন্তু আমার পিতার সাক্ষাতে ও তাঁহার দূতদের সাক্ষাতে আমি তাহার নাম স্বীকার করিব।
— প্রকাশিত বাক্য ৩ : ৫

## বিবাহ বিচ্ছেদ সম্পর্কে ঈশ্বরের বক্তব্য

লূক ১৬ : ১৮

যে কেহ আপনার স্ত্রীকে ত্যাগ করিয়া আর একজনকে বিবাহ করে, সে ব্যভিচার করে, আর যে কেহ স্বামীত্যক্তা স্ত্রীকে বিবাহ করে সেও ব্যভিচার করে।

মথি ৫ : ৩২

কিন্তু আমি তোমাদের বলিতেছি, যে কেহ ব্যভিচার ভিন্ন অন্য কারণে আপন স্ত্রীকে ত্যাগ করে, সে তাহাকে ব্যভিচারিণী করে, এবং কেহ যদি সেই পরিত্যক্তা স্ত্রীকে বিবাহ করে, তবে সে ব্যভিচার করে।



## খ্রীষ্টের দ্বিতীয় আগমন

যোহন ১৪ : ৩

আর আমি গিয়া তোমাদের জন্য স্থান প্রস্তুত করিলে, আমি আবার আসিব এবং আপনার কাছে তোমাদের লইয়া যাইব যেন আমি যেখানে থাকি তোমরাও সেখানে থাকিতে পার।

প্রকাশিত ৩ : ১১

আমি শীঘ্রই আসিতেছি, তোমার যাহা আছে তাহা ধারণ করিয়া থাক, যেন কেহ তোমার মুকুট অপহরণ না করে।

মথি ২৪ : ৩০

আর তখন মনুষ্য-পুত্রের পরিচায়ক-লক্ষণ আকাশে দেখা যাইবে, ‘পৃথিবীর সমুদয় গোষ্ঠী শোকপ্রকাশ করিবে এবং মনুষ্য-পুত্রকে আকাশের মেঘযোগে’ পরাক্রম ও মহাগৌরবের সহিত ‘আসিতে’ দেখিবে।



## খ্রীষ্টের দ্বিতীয় আগমন

লূক ১২ : ৪০

তোমরাও প্রস্তুত থাক, কারণ যে মুহূর্ত্ত তোমরা মনে কর না সেই মুহূর্ত্তেই মনুষ্য-পুত্র আসিবেন।

১ম যোহন ৩ : ২

প্রীতিভাজনেরা, এখন আমরা ঈশ্বরের সন্তান, পরে কি হইব তাহা এখনও প্রকাশিত হয় নাই। তবে আমরা জানি, তিনি যখন প্রকাশিত হইবেন তখন আমরা তাঁহার সদৃশ হইব; কারণ তিনি যেমন আছেন, তাঁহাকে তেমনই দেখিব।

মথি ১৬ : ২৭

কারণ মনুষ্য-পুত্র আপন দূতদের লইয়া তাঁহার পিতার মহিমায় আসিবেন, আর তখন ‘প্রত্যেক লোকের কর্ম্মানুসারে তাহার প্রতিফল দিবেন’।

## ঈশ্বরের বাক্য

লূক ২১ : ৩৩

আকাশ ও পৃথিবী লুপ্ত হইবে, কিন্তু আমার বাক্য কখনও লুপ্ত হইবে না।

গীতসংহিতা ১১৯ : ১০৫

তোমার বাক্য আমার চরণের প্রদীপ, আমার পথের আলোক।

গীতসংহিতা ১১৯ : ১১

তোমার বচন আমি হৃদয়মধ্যে সঞ্চয় করিয়াছি, যেন তোমার বিরুদ্ধে পাপ না করি।

২য় তীমথিয় ৩ : ১৬

ঈশ্বরের বাক্য দ্বারা অনুপ্রাণিত প্রত্যেক শাস্ত্রশিক্ষা, অনুযোগ, সংশোধন, ধর্ম্ম সম্বন্ধে নিয়মিত শিক্ষাদানের জন্যও উপকারী।

For more information or to request a free Bible study, please write to:

**WMP India Bible Literature**
**67 Beracah Road**
**Kilpauk, Chennai - 600 010**

www.wmpress.org

Bengali HFA